

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২২.৪০

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত রিট পিটিশন (নং ১৪১১৭/২০২২, ১৪২৫৮/২০২২, ১৩৭৭৬/২০২২ এবং ১৩২১১/২০২২) মামলাসমূহ পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠন/প্রধান শিক্ষক-কে স্ব-পদে পুনর্বহাল/গভর্নিং বডিতে অভিভাবক প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্তি/অভিভাবকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ :

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১.	১৪১১৭/২০২২	ভালুম আতাউর রহমান খান উচ্চ বিদ্যালয়- এর এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান সংক্রান্ত।	জনাব কফিল উদ্দিন, ১৯/এ, হরিরামপুর, ডাক: মিরপুর, থানা: মিরপুর, জেলা: ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ০৮(আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
২.	১৪২৫৮/২০২২	জনাব সুমান আলী, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), নীলক্ষেত হাই স্কুল, শাহবাগ, ঢাকা-কে স্ব-পদে পুনর্বহাল সংক্রান্ত।	জনাব সুমান আলী, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), নীলক্ষেত হাই স্কুল, রমনা, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ০৮(আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩.	১৩৭৭৬/২০২২	জনাব মোঃ আনিছুর রহমান, অভিভাবক, অভিভাবক সদস্য মাধ্যমিক শাখা, আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা-কে গভর্নিংবডিতে অভিভাবক প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্তি সংক্রান্ত।	জনাব মোঃ আনিছুর রহমান, অভিভাবক, অভিভাবক সদস্য মাধ্যমিক শাখা, আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ০৫ (পাঁচ) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

8.	১৩২১১/২০২২	ঢাকা মহানগরীর রমনা থানাধীন "উইল্‌স লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ" এর গভর্নিং বডি নির্বাচন-২০২২ এর ইংরেজি মাধ্যমের অভিভাবকদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তি করার বিষয়ে জনাব মতিউর রহমান খন্দকার এর ১৩/০৪/২০২২ তারিখের আবেদন নিষ্পত্তি সংক্রান্ত।	জনাব মোহাম্মদ মতিউর রহমান খন্দকার, বাড়ি নং: ৩৫/২, শের-এ-বাংলা রোড, মাসদাইর, সদর, নারায়ণগঞ্জ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
----	------------	---	--	--	---

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন (নং- ১৪১১৭/২০২২, ১৪২৫৮/২০২২, ১৩৭৭৬/২০২২ এবং ১৩২১১/২০২২) মামলাসমূহ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২২.৪০/১(৩)

তারিখ: ৮ মাঘ ১৪২৯

২২ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



২২-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব